

Flying visit: খুব অল্প সময়ের ভ্রমণ

- a very short visit.
- Flying বা উড়ন্ত অবস্থায় যে ভিজিট, সেটা খুব অল্প সময়ের ভিজিট, এভাবে মনে রাখুন।
- Fufu made a flying visit to my house.

Go to the dogs: সর্বনাশগ্রস্থ হওয়া

- গোল্লায় যাওয়া; deteriorate shockingly.
- সর্বনাশগ্রস্থ হওয়ার জন্যেই সে dogs বা কুত্তার কাছে গেলো; জাস্ট মনে রাখার জন্যে এভাবে ভাবতে পারেন।
- The country is going to the dogs.

Grey matter: মাথার ঘিলু

- মগজ; বুদ্ধিমত্তা।
- Grey matter আমাদের স্নায়ুতন্ত্রের গুরুত্বপূর্ণ অংশ। অনেক সময় গ্রে ম্যাটারকে মস্তিষ্ক বলা হয়। যখন কেউ কোন কিছু বুঝতে পারে না, তখন সরাসরি বাংলায় বলা হয়, তোর মাথায় তো গ্রে ম্যাটার নাই, তুই এত স্লো কেন!
- If you use your grey matter, you can solve this math problem.



Hit the nails on the head

- মোক্ষম কথা বলা বা কাজ করা; একদম সঠিক আঁচ করা; find exactly the right answer.
- যখন আমরা কোন কিছু মনে করতে পারি না, তখন আমরা মাথায় nails বা নখ দিয়ে হালকা hit করি। এরপর আমরা সেই কথা মনে করতে পারি বা সঠিক কথা আঁচ করতে পারি এবং মোক্ষমভাবে কাজ করতে পারি।
- You've spotted the flaw, Hira. You hit the nail on the head.

Hold the fort: প্রতিহত বা রক্ষা করা

- take responsibility for a situation while another person is temporarily absent.
- Hold অর্থ ধরে রাখা। Fort অর্থ দুর্গ বা কেল্লা। শত্রু বাহিনী যখন fort বা দুর্গ আক্রমণ করলো তখন বললেন, hold the fort বা দুর্গটি ধরে রাখো মানে দুর্গটি রক্ষা করো, শত্রু বাহিনীর আক্রমণ প্রতিহত করো।
- I'll be out of the office for a few hours - will you hold the fort until I get back?

In the seventh heaven: খুব খুশি

- very happy; ecstatic.
- আপনি যখন seventh heaven বা সপ্তম স্বর্গে থাকবেন, তখন আপনি খুব খুশি থাকবেন।
- Having recently fallen in love with her, I was in seventh heaven.

Move heaven to earth: যথাসাধ্য চেষ্টা করা

- make extraordinary efforts to do a specified thing.
- আপনি যদি এখন heaven বা স্বর্গকে earth বা পৃথিবীতে move করতে চান, তাহলে আপনাকে অনেক চেষ্টা করতে হবে, extraordinary efforts দিতে হবে।
- I know him very well. He will move heaven to earth to fulfill his desire.
- Leave no stone unearth: চেষ্টার ক্রটি না করা



Iron willed: কঠোর সংকল্প

- implacably determined on a course of action; very resolute.
- Will অর্থ ইচ্ছা Iron বা ইস্পাতের মত শক্ত ইচ্ছাই হচ্ছে iron will বা দৃঢ় ইচ্ছা, কঠোর সংকল্প।
- Nelson Mandela, the Iron-willed leader who beaten apartheid to bring Freedom and Equality.
- Irony of fate: ভাগ্যের নির্মম পরিহাস



Lame excuse: বাজে অজুহাত

- an inappropriate excuse.
- Lame অর্থ খোঁড়া আর excuse অর্থ ওজর।
- তাহলে, Lame excuse হচ্ছে খোঁড়া ওজর বা বাজে অজুহাত।
- You should not make lame excuses to avoid work.

Let the cat out of the bags: গোপন কথা ফাঁস করা

- reveal a secret carelessly or by mistake.
- থলের ভেতর যে বিড়াল আছে তা কেউ জানত না। এ অবস্থায় থলের বিড়াল বের হতে দিলেন মানেই গোপন জিনিস বের হতে দিলেন। এভাবেই Let the cat out of the bags অর্থ গোপন কথা ফাঁস করা মনে রাখুন।
- She let the cat out of the bag and finally told her parents about her plans of getting married.



Lion's share: সিংহভাগ

- the biggest or greatest part.
- সিংহের শেয়ার তো সিংহভাগই হবে, ছাগলের শেয়ার হওয়ার কোন সুযোগই নাই।
- Military and nuclear researches have received the lion's share of public funding.

Kiss the dust: আত্মসমর্পণ করা

- to fall on the ground because of death, sickness, or failure.
- Dust অর্থ ধূলা । রাণীর সামনে মাথা নিচু করে ধূলায় কিস দিয়ে বললেন, আমিআপনার সামনে kiss the dust বা আত্মসমর্পণ করলাম । এখন কিস দেবেনকি দেবেন না, এটা সম্পূর্ণ আপনার ব্যাপার ।
- তখন রাণী বলল, এত বড় সাহস । এক্ষনি lick the dust বা নাকে খৎ দাও ।
- At last, Saddam had to kiss the dust to the American army. (to surrender.)



Lick the dust: নাকে খং দেওয়া; grovel

- Lick অর্থ চাটা ।
- Lick the dust বা নাকে খং দেওয়ার সময় জিহ্বা বের করে কিছু একটা চেটে দিলেন ।
- He licked the dust two years ago.



Maiden speech: প্রথম বক্তৃতা

- first speech.
- Maiden অর্থ প্রথম।
- তাহলে, Maiden speech হচ্ছে প্রথম বক্তৃতা।
- His maiden speech pleased us all.

Man in the street: সাধারণ ব্যক্তি

- the average man.
- মনে করুন, কোন একটা লোক সারাদিন street বা পথে পথে থাকে। এভাবে ভাবুন, লোকটা সাধারণ ব্যক্তি বলেই তো street বা পথে পথে থাকে। এরকম লোককে দেখে আপনি বললেন, সে হচ্ছে man in the street বা সাধারণ
- Politicians often don't understand the views of the man in the street.



Miss the bus/boat: সুযোগ হারানো

- miss an opportunity.
- বাসটি মিস করলেন মানেই কিন্তু আপনি আপনার যাওয়ার সুযোগ হারালেন।
- I sent my application in late, and I think I missed the bus/boat.

Nip in the bud: অঙ্কুরে বিনষ্ট/বন্ধ করা

- destroyed at the very beginning.
- Nip অর্থ নষ্ট করা। Bud অর্থ অঙ্কুর বা মুকুল। তো এখান থেকে রিলেট করে। মনে রাখুন, nip in the bud অর্থ অঙ্কুরে বিনষ্ট করা।
- All his dreams were nipped in the bud.

Out of order: বিকল

- not functioning properly or at all.
- The laser jet printer is out of order.
- Our tractor is out of order.

Out of place: অসঙ্গতিপূর্ণ

- বেমানান; not suitable or appropriate; awkward or unwelcome.
- What you say is quite out of place.

Gala: পৰ্ব; পাৰ্বণ; আনন্দোৎসব

- Gala day: উৎসবের দিন; a day of festivity.
- Gala Day is a one-day festival held in many towns over the world.
- এরকম একটা Gala day বা উৎসবের দিনে বন্ধুরা বন্ধুদের সাথে এবং বান্ধবীরা বান্ধবীর গলা ধরে ঘুরে ঘুরে আনন্দ মজা করলো।
- Gala night: বিশেষ সমারোহপূর্ণ উৎসবমুখর রাত



Paper tiger: কাগজে বাঘ

- the nature of a person or organization that appears powerful but is powerless and ineffectual.
- সত্যিকারের বাঘ হলে power থাকত। যেহেতু paper tiger বা কাগজে বাঘ, সেহেতু powerless and ineffectual.
- They claim that the alliance is only a paper tiger.
- Your boyfriend is really a paper tiger.



Part and parcel; অবিচ্ছেদ্য অংশ

- an essential feature or element of.
- Traveling is part and parcel of his new job.
- Truly, newspapers have become part and parcel of our everyday life.



To paddle one's own canoe

- অন্যের উপর নির্ভর না হয়ে নিজের কাজ নিজে করা; be independent and self-sufficient.
- Canoe হচ্ছে নৌকাবিশেষ আর paddle অর্থ বৈঠা।
- আপনার নিজের নৌকার বৈঠা আপনার নিজেকেই মারতে হবে, অন্যের উপর নির্ভর না হয়ে নিজের কাজ নিজেকেই করতে হবে।
- Remember one thing: you must always paddle your own canoe.



Speed money: ঘুষ; bribe.

- Speed money বা ঘুষ যেরকম স্পিড দিয়ে আসে, সেরকম আবার স্পিড দিয়ে চলেও যায়।
- He gave me some speed money to get his work done.

Hush money: অপ্রীতিকর কোন ঘটনা চাপা দেওয়ার জন্যে

প্রদত্ত অর্থ বা ঘুষ

- money given as bribe.
- Hush মানে চুপ করা বা চুপ করানো। তো hush বা চুপ করানোর জন্যে যে money দেয়া হয় তাই hush money বা ঘুষ।
- He got a large sum of hush money.



Once in a blue moon: কালেভদ্রে, কদাচিৎ

- happens very rarely.
- এভাবে ভাবুন, যদি নরমাল moon হত, তাহলে কদাচিৎ হত না; যেহেতু blue moon, তাই কদাচিৎ, happens very rarely.
- I see him once in a blue moon. আমার কালেভদ্রে তার সাথে দেখা হয়।

A piece of cake- খুব সহজ

- very easy.
- আপনাকে কেউ বলল, ভাই কেকটা বানাতে পারবেন? আপনি বললেন, কেক বানানো তো আমার কাছে a piece of cake বা খুব সহজ।
- A piece of cake means a task that can be accomplished very easily.

A hot potato

- এমন বিষয় যা বিতর্কিত এবং অপ্রীতিকর; a controversial topic.
- এভাবে ভাবুন, মনে করুন, প্রত্যেকদিন হলের ক্যান্টিনে রুটি না দিয়ে গরম আলু খাবার দিত। এই বিষয়টা স্টুডেন্টদের মাঝে ধীরে ধীরে a hot potato বা বিতর্কিত এবং অপ্রীতিকর বিষয় হয়ে দাড়ালো।
- Oil price hike is a hot potato in our country now.

Cost an arm and a leg

- ব্যয়বহুল; expensive.
- যে জিনিসটা কিনতে আপনার একটা হাত আর একটা পা লাগবে সে জিনিসটাতো ব্যয়বহুল হবেই।
- Those shoes must have cost an arm and a leg.

Sitting duck: সহজ লক্ষ্য

- an easy target.
- Duck অর্থ হাঁস। এখন সে হাঁসটা বসে থাকে সেইটাই কিন্তু একটা easy target বা সহজ লক্ষ্য।
- Without the gun, I'm a sitting duck for any terrorist.

Kick the bucket: মৃত্যুবরণ করা

- অক্সা পাওয়া; to die.
- Bucket মানে বালতি। মনে করুন, বউয়ের উপর রাগ করে যখনই আপনি bucket বা বালতিতে কিক দিলেন, তখনই আপনি পড়ে গেলেন এবং kick the bucket বা মরে গেলেন।
- The old man kicked the bucket means that he died.

Give up the ghost: মরে যাওয়া

- die; stop working.
- মনে রাখার জন্যে এভাবে ভাবুন, মনে করুন, ghost বা ভূত দেখে আপনি সেখান থেকে পালানোর চেষ্টা give up করলেন বা ছেড়ে দিলেন এবং এক সময় ভূতের ভয়ে আপনি সেখানেই give up the ghost বা মরে গেলেন।
- My car finally gave up the ghost (stopped working)

Crocodile tears:মায়াকান্না

- লোক দেখানো কান্না; deceptive cry, false tears of sorrow.
- শিকার ধরার জন্যে কুমির যখন হা করে তখন কুমিরের অশ্রুগ্রন্থিতে চাপ পড়ে। ফলে চোখ দিয়ে ফোঁটায় ফোঁটায় পানি বের হয়ে আসে। অনেকেই মনে করেন, কুমির মনে হয় শিকারের জন্যে কাঁদছে কিন্তু আসলে ঘটনা তা নয়।
- এজন্যেই Crocodile tears বা কুমিরের কান্না বলতে মায়াকান্না বা লোক দেখানো কান্নাকে বোঝানো হয়েছে।
- You mean she was crying crocodile tears?

At one go: একবারের চেষ্ঠায়

- at one attempt; without stopping.
- He managed to finish the work in/at one go.
- I am not going to eat more than 2 mangoes at one go.

At stake: ঝুঁকির মধ্যে

- বিপন্ন; সংকটাপন্ন; endangered.
- এভাবে একবার বলুন, Stake অর্থ ঝুঁকি। At stake অর্থ ঝুঁকির মধ্যে।
- Mankind is at stake now. মানবজাতি এখন সংকটাপন্ন।
- His life is at stake.
 - Here 'at stake' means 'endangered.'

At draggers drawn : দা-কুমড়া সম্পর্ক

- চরমশত্রুতাপূর্ণ অবস্থা; to be in a state of hospitality; on the point of fighting.
- Dagger অর্থ ছুরি। এভাবে ভাবুন, মনে করুন, আপনাদের ভেতর এই দা-কুমড়া সম্পর্ক বিরাজ করছে শুধু এই dagger বা ছুরির জন্যে।
- বানান খেয়াল করুন, dragger vs dagger. এক বানানে শুধু R নাই।
- They were at draggers drawn just for a simple dagger.



Abode of God: স্বর্গ

- heaven.
- Abode অর্থ বাসস্থান। তাহলে গডের বাসস্থান হ'লো Abode of God বা স্বর্গ, heaven.

A bull in a china shop

- Bull অর্থ ষাড়। Bull যদি চায়না শপে যায় তবে সে কি সংযত থাকবে? অবশ্যই না। সে আচার আচরণে careless বা অসাবধানী হবে। সুতরাং, a bull in a China shop অর্থ হবে careless, অসাবধানী বা অসংযত হবে।
- He was like a bull in a china shop.
- Take the bull by the horns-সাহসের সাথে বিপদ মোকাবেলা করা।



Cock and bull story: গাঁজাখুরি গল্প

- a false story; an implausible story used as an explanation or excuse.
- Cock অর্থ মোরগ আর Bull অর্থ ষাড়।
- ভাবুন, আপনার সামনে কেউ একজন এই cock এবং bull নিয়ে একটা cock and bull story বা গাঁজাখুরি গল্প বলল।
- She was glad she did not have to listen to his cock and bull stories anymore.

Bull market

- হচ্ছে যখন বেশিরভাগ শেয়ারের দাম বেড়ে যায়; a time when the prices of most shares are rising.
- A bull market means that share prices are rising.

Bear market

- হচ্ছে যখন শেয়ারের দাম কমে যায় এবং অনেক লোক তাদের শেয়ার বিক্রি করে দেয়; মন্দাবাজার; a time when the price of shares are falling, and a lot of people are selling them.
- A bear market means that share prices are falling.
- In share market 'Bearish' indicates a falling price; মূল্য হ্রাস পাবার সম্ভাবনা আছে এমন।



Bootleg

- শুদ্ধ ফাঁকি দিয়ে বা বেআইনিভাবে মদ চোলাই; বিক্রয়; আমদানি বা রফতানি করা।
- আপনি শুদ্ধ ফাঁকি দিয়ে মদ বা অন্যান্য জিনিস আমদানি-রফতানি করার জন্যে আপনার boot এবং leg ব্যবহার করলেন।

Sheet anchor: শেষ অবলম্বন

- অস্তিম ভরসা; a source of aid in time of emergency or danger.
- Sheet অর্থ পাত, যেটা দিয়ে দরজা বানানো হয়। Anchor অর্থ নোঙ্গর। এভাবে ভাবুন, মনে করুন, আপনি যখন সমুদ্রের মাঝখানে তখন এই anchor বা নোঙ্গরের একখন্ড শীটই আপনার sheet anchor বা শেষ অবলম্বন ছিলো, অস্তিম ভরসা ছিলো।
- My best friend is my sheet anchor in times of trouble.



By fits and starts: মাঝে মাঝে

- অনিয়মিতভাবে; at irregular intervals.
- মনে করুন, আপনি মাঝে মাঝে ফিট থাকেন। মাঝে মাঝে ফিট থাকার কারণে আপনি মাঝে মাঝে কাজটি করেন। একটু রিলেট করে পড়ুন, মনে থাকবে।
- Only those who are not serious to their success work fits and starts.



By leaps and bounds: দ্রুতগতিতে

- at rapid rates
- The price of rice is increasing by leaps and bounds.

Hook or by crook

- যেকোন উপায়ে; by any possible means.
- Hook অর্থ আংটা আর crook অর্থ রাখালদের ছড়ি।
- Hook বা আংটা লাগিয়ে হোক আর crook বা রাখালদের ছড়ি ব্যবহার করেই হোক I'll finish this work by hook or by crook-আমি এটা যেকোন উপায়ে করবোই।
- We will get the work finished this week by hook or by crook.



A bad egg

- অযোগ্য অথবা অসৎ ব্যক্তি; a person who can't create anything.
- বুঝতেই পারছেন a bad egg অর্থ নেগেটিভ কিছু হবে, অযোগ্য অথবা অসৎ ব্যক্তি হবে।
- He is a bad egg. I don't trust him.

Put all your eggs in one basket

- সর্বশক্তি প্রয়োগ করে ঝুঁকি নেয়া, যথাসাধ্য চেষ্টা করা; put all your money or effort into one thing.
- আপনার সকল টাকা দিয়ে ডিমগুলো কিনে সর্বশক্তি প্রয়োগ করে ডিমগুলোকে একই বাস্কেটে রাখলেন। জাস্ট এভাবে রিলেট করে একটু মনোযোগ দিয়ে পড়ে মনে রাখুন। আশা করি, মনে রাখতে পারবেন।
- Don't put all your eggs in one basket. You should apply to lots of different universities.



Bill of fare

- রেস্টুরেন্টের খাদ্যতালিকা যার পাশে মূল্য লেখা থাকে; a list of dishes at a restaurant.
- Let's look at bill of fare and decide what we're going to eat.
- I want to find a bill of fare for this dinner.



Have butterfly in one's stomach

- খুব বিচলিত বোধ করা; nervous.
- আপনার পেটের ভেতর যদি butterfly থাকে তবে আপনার পক্ষে বিচলিত বোধ করা খুবই স্বাভাবিক।
- I have butterflies in the stomach means I am nervous.

The birds and the bees

- যৌনক্রিয়া এবং প্রজনন সম্পর্কে মৌলিক বিষয়গুলো;
the basic facts about sex and reproduction.
- We still haven't discussed about the birds
and the bees!



Cupboard love

- উদ্দেশ্যপ্রণোদিত ভালোবাসা; কিছু পাওয়ার লোভে আদর-সোহাগ; কপট ভালোবাসা; love shown by someone, typically a child or an animal, in order to get what they want.
- Cupboard love = Show of affection.
- এভাবে ভাবুন, তার ভালোবাসাটা আসল ছিলো না। যেহেতু তার ভালোবাসাটা ছিলো মূলত cupboard পাওয়ার জন্যে, তাই ভালোবাসা হলো একটি cupboard love বা উদ্দেশ্যপ্রণোদিত ভালোবাসা, কপট ভালোবাসা।
- It's only cupboard love; she wants some cupboards!



Cry wolf

- যখন সাহায্যের দরকার নেই তখন সাহায্য চাওয়া; to ask for help when you do not need it.
- If you cry wolf too often, people will stop believing that you need help.



Cat's paw

- যে ব্যক্তি অন্যের হাতিয়ার হিসাবে ব্যবহৃত হয়; a person used by another to gain an end.
- Politicians often use students as cat's paw.
- Cat's sleep:
 - ১। চেয়ার ইত্যাদিতে বসে স্বল্পস্থায়ী নিদ্রা। বাসা বাড়িতে যদি বিড়াল থাকে দেখবেন যে বিড়ালগুলো এভাবেই চেয়ারের উপর বসে হালকা নিদ্রা নেয়।
 - ২। ঘুমের ভান করা; pretention of sleep.



Cry for the moon

- অসম্ভব কিছুৰ জন্যে হাপিত্যেশ করা। আপনি হাজার কান্নাকাটি করলেও মুন বা চাঁদকে কিন্তু পাবেন না। ফলে moon বা চাঁদের জন্যে cry বা কান্না করা মানেই অসম্ভব কিছুৰ জন্যে হাপিত্যেশ করা।
- To cry for the moon is to want something that is impossible to get.
- Moon away: আলস্য বা উদ্দেশ্যবিহীনভাবে সময় কাটানো।



Far cry

- অনেক দূরের ব্যাপার; বিশাল দূরত্ব; long distance.
- It is a far cry from getting an Olympic gold.

Call it a day

- আজকের মত যথেষ্ট কাজ হয়েছে বলে ক্ষান্ত হওয়া বা কাজ শেষ করা; finish work; to stop work since enough has been done.
- Let us call it a day =let us stop= আজকের মত ক্ষান্ত হওয়া যাক।

Call names

- তিরস্কার বা গালি দেওয়া; rebuke; insult someone verbally.
- Some people might make fun of them, or call them names, or even hurt them.
- You ignored me, you called me names, you gave me the cold shoulder, remember?



Capital punishment

- মৃত্যুদণ্ড; punishment by death, as ordered by a legal system; death penalty.
- Most democracies have abolished capital punishment.
- Capital punishment has no place in a modern society.

Culpable homicide

- দণ্ডনীয় নরহত্যা; not amounting to murder.
- Not amounting to murder এই কারণে যে, এক্ষেত্রে হতাত হতাকারীর হত্যা করার উদ্দেশ্য ছিল না।

To cut a fine figure

- নিজের সম্পর্কে খুব ভালো ধারণা দেয়া; giving a fine impression of oneself.
- এভাবে একবার ভাবতে পারেন, আপনি যদি কেটে কুটে একটা fine figure তৈরী করেন তবে এটা অবশ্যই আপনার সম্পর্কে ভালো ধারণা দেবে।
- Fahim really cuts a fine figure on the dance floor.



Cry in wilderness

- অরণ্যে রোদন; unheeded appeal.
- Wilderness অর্থ জনহীন প্রান্তর। আপনি যদি এরকম জনহীন প্রান্তরে কাঁদেন তাহলে আপনার সেই কাঁদাটা অরণ্যে রোদন হবে, বৃথা কান্না হবে যা কেউ শুনবে না, মনোযোগ দিবে না।
- The cry of her is like a cry in wilderness.

Hue and cry

- শোরগোল; a loud clamor or public outcry.
- The workers raised a great hue and cry against the new rule.

Die in harness

- কর্মরত অবস্থায় মারা যাওয়া (অবসরপ্রাপ্ত অবস্থায় নয়)।
- Die in harness=continue to the last in one's business or profession.
- The soldier died in harness means he died in business.



Down to earth

- বাস্তববাদী; practical and sensible; realistic.
- Down অর্থ নিচে। যারা down to earth বা বাস্তববাদী তারা সবসময় নিচেই থাকে। আর যারা কল্পনাবিলাসী তারা down বা নিচে না থেকে শুরু উড়ে বেড়াতে চায়।
- The opposite word of down to earth/realistic is idealistic বা ভাববাদী, কল্পনাবিলাসী।
- She was a down-to-earth, witty, charming and an intelligent girl.
- Down in the mouth: বিমর্ষ; নিস্তেজ; unhappy; dejected.



Double jeopardy

- দ্বিগুণ ঝুঁকি বা বিপদ; একই অপরাধের জন্যে কোন ব্যক্তির দুইবার বিচার করা;
judicating twice.
- Jeopardy অর্থ বিপদ। Double jeopardy অর্থ দ্বিগুণ বিপদ।
- I am in a double jeopardy.

Go to the dogs

- গোল্লায় যাওয়া; নষ্ট হয়ে যাওয়া; be ruined.
- এভাবে ভাবুন, কেউ যদি ভালো মানুষের কাছে না গিয়ে কুকুরের কাছে যায় তাহলে সে গোল্লায় গিয়েছে বা নষ্ট হয়ে গিয়েছে বা উচ্ছন্ন গিয়েছে।
- If a country or organization is going to the dogs, it is becoming very much less successful than it was in the past.



A foregone conclusion

- যে সিদ্ধান্ত পূর্বেই স্থির হয়ে আছে বা স্থির হয়ে গেছে; পূর্বনির্ধারিত ফল;
anticipated result.
- The election result was a foregone conclusion.

Foot loose and fancy-free

- স্বাধীন ও মুক্ত হয়ে নিজের জীবনকে উপভোগ করা; free to enjoy oneself; to be free of responsibilities, including romantic commitments.
- In the eyes of the public, a divorced man is footloose and fancy-free.



Dark Horse

- অপরিচিত ব্যক্তি; যে ব্যক্তির সত্যিকার শক্তি-সামর্থ্য তার জ্ঞাত শক্তি-সামর্থ্যের চেয়ে বেশি হতে পারে; a person whose qualities are unknown;
- Most of the participants did not expect the victory of a dark horse like him.
- **Other meanings of Dark Horse:**
- A man who does not talk much but surprises others by his qualities.
- Unfamiliar.
- Strange man.



To hit the roof/ceiling

- অত্যন্ত রাগান্বিত হওয়া; to be very angry.
- মনে করুন, আপনি যখন অত্যন্ত রাগান্বিত হলেন, তখন এই রকম roof বা ছাদে hit বা আঘাত করলেন।



Give food for thought

- কাউকে কোন একটি বিষয়ে সিরিয়াসলি ভাবতে বাধ্য করা; to make someone think seriously about something.
- বিষয়টা এরকম যে, আমি তোমাকে খাবার দিচ্ছি কিন্তু তোমাকে এই বিষয়ে ভাবতেই হবে।
- I don't agree with you, but your idea certainly gives me food for thought.



Green eye

- হিংসা: jealousy.
- মনে করুন, আপনার এক সহপাঠী আপনাকে নরমাল চোখে দেখে না, Green eye বা হিংসার চোখে দেখে।
- He realizes that it's another attack of the green-eyed monster.



Green horn

- অনভিজ্ঞ; immature or inexperienced person.
- মনে রাখার জন্যে এভাবে একবার ভাবুন, মনে করুন, green horn বা অনভিজ্ঞ হওয়ার কারণে সে রেল লাইনের ত্রুটিতে সে লাল সংকেত না দেখিয়ে সবুজ সংকেত দেখালো।
- The prairie fires could be set by lighting by carelessness of greenhorns (persons who lack experiences) in the country.



Nose in the air

- নিজেকে গৰ্বিত ভাবা; আত্মাভিমानी; to be proud or conceited.
- আমরা এরকম বলি, লোকটা সবসময় বাতাসে নাক উঁচু করে চলে। লোকটা সেই অহংকারী।
- The waiter, with his nose in the air, wasn't paying attention to anything.

Blockhead

- বোকা লোক; a stupid person.
- যার মাথা একেবারেই blocked, কোন কিছুই মাথায় ঢুকে না, সেই হল block head বা বোকা লোক, stupid person.
- Why didn't you call me earlier, you blockhead!



Herculean task

- কষ্টসাধ্য কাজ; a very difficult task; task which needs great strength and determination.
- গ্রীক বীর হারকিউলিস এর task= Herculean task= কষ্টসাধ্য কাজ।
- Digging the tunnel was a herculean task.

Homemaker

- গৃহিনী; a housewife.
- Most of my students are office workers, or writers, or homemakers.